




জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিলেবাসভুক্ত আইসিটি বিষয়ক অনলাইন কোর্স রিডিং ম্যাটেরিয়াল

৩.২ ওয়ার্ড প্রসেসিং অ্যাপ্লিকেশন টেক্সট ফরমেটিং

ফন্ট (Font):

এখানে একটি টেক্সট লেখা আছে। লেখাটি সিলেক্ট করি। এখানে ফন্টের নাম দেখতে পাচ্ছি। এই টেক্সটকে Arial থেকে Times New Roman-এ পরিবর্তন করলাম।




ফন্ট সাইজ (Font Size):

লেখার আকার কেমন হবে? বড়, মাঝারি নাকি ছোট? লেখার এই অংশটুকু সিলেক্ট করে ১৬ এ ক্লিক করি। লেখাটির সাইজ কিছুটা বড় হয়ে গেলো।

ফন্ট কালার (Font color):

লেখাটির কালার চেঞ্জ করে দিই। এজন্য লেখাটি সিলেক্ট করে কালার সিলেক্ট করি। এই যে, লেখার রঙ চেঞ্জ হয়ে



গেছে।

ফন্ট স্টাইল (Font Style):


লেখার স্টাইল সাধারণত তিন ধরনের হয়:

১) Bold ২) Italic ৩) Underline:



Bold:


কোনো গুরুত্বপূর্ণ শব্দ বা বাক্যকে হাইলাইট করতে বোল্ড অপশন ব্যবহার করা হয়। যেমন, Information শব্দটিকে বোল্ড করা জন্য লেখাটুকু সিলেক্ট করে B তে ক্লিক করি। এই যে বোল্ড হয়ে গেছে। কাজটি করার জন্য



কী-বোর্ড থেকে Ctrl+B প্রেস করেও করা যায়।

Italic:

কোনো উদ্ধৃতি বা বিশেষ শব্দকে একটু কাত করে দেখানোর জন্য Italic অপশন ব্যবহার করা হয়। Italic করার জন্য লেখার Information অংশটুকু সিলেক্ট করে I-তে ক্লিক করি। কাজটি কীবোর্ডের শর্টকাট কী Ctrl+I press




করেও করা যায়।



Underline:

কোনো বিষয়ের ওপর জোর দিতে বা শিরোনামের নিচে রেখা টানতে Underline করা হয়। কাজটি করার জন্য টেক্সট সিলেক্ট করে U ক্লিক করলে লেখায় আন্ডারলাইন হয়ে যায়। কাজটি কী-বোর্ড থেকে Ctrl+U করে করা যায়।



সুপারস্ক্রিপ্ট (Superscript):


আমরা পাঠ্যবইয়ে a^2+b^2 আবার পানির সংকেত H_2O লেখা দেখেছি। কাজটি ওয়ার্ড ডকুমেন্টে কীভাবে করা হয় তা দেখি। a লিখে x^2 ক্লিক করে কী-বোর্ড থেকে 2 press করি। এইসে, a^2 লেখা হয়ে গেল। এভাবে $+b^2$ লিখি।

a^2+b^2 → Superscript

H_2O → Subscript

সাবস্ক্রিপ্ট(Subscript):

পানির সংকেত H_2O লিখতে ২ কে নিচে লিখতে হয়। এটিকে সাবস্ক্রিপ্ট বলে। এটি লেখার জন্য H লিখে x_2 ক্লিক করে কী-বোর্ড থেকে 2 প্রেস করি। এবার কী-বোর্ড থেকে O লিখি। এইসে, H_2O লেখা হয়ে গেল।



স্ট্রাইকআউট (Strikeout):

কোনো লেখা সংশোধন করা হয় তখন স্ট্রাইক থ্রো ব্যবহার করা হয়। লেখাটি সিলেক্ট করে এখানে ক্লিক করে কাজটি করা হয়। কীবোর্ড থেকে শর্টকাট কী Ctrl+D Press করে স্ট্রাইক থ্রো অপশনের চেকবক্সের টিক মার্ক




অন করি Ok বাটনে ক্লিক করি। এই যে কাজটি হয়ে গেল।



শ্যাডো (Shadow):

এই অপশন ব্যবহার করে লেখাকে ত্রিমাত্রিক রূপ দেয়া যায়। এজন্য লেখাটি সিলেক্ট করে এখানে ক্লিক করে যেকোন একটি অপশন সিলেক্ট করি। লেখাটিতে একটি ত্রিমাত্রিক এফেক্ট যুক্ত হয়েছে যা লেখাকে আরও আকর্ষণীয় করে তুলেছে।



Information

এ পাঠে যে বিষয়গুলো আলোচনা করা হয়েছে-

১. Text এর ফন্ট, ফন্ট সাইজ, ফন্ট কালার, ফন্ট স্টাইল পরিবর্তন করা;
২. সুপারস্ক্রিপ্ট এবং সাবস্ক্রিপ্ট তৈরি করা;
৩. স্ট্রাইক আউট এবং শ্যাডো ইফেক্ট ব্যবহার করে লেখাকে আকর্ষণীয় করা।

প্রয়োজনীয় লিঙ্কঃ

মাইক্রোসফট ওয়ার্ড নিয়ে বিস্তারিত জানার জন্য নিচের লিংকগুলো অনুসরণ করা যেতে পারে।

১. <https://edu.gcfglobal.org/en/word/>

২. https://www.youtube.com/watch?v=foSdG19MaYY&list=PLsRR4c2QGChwwD59NAp_YVHV3pXCvauO1

(এই প্রকাশনার কোনো অংশ জাতীয় বিশ্ববিদ্যালয়ের পূর্বানুমতি ব্যতীত পুনর্মুদ্রণ, সংরক্ষণ, অনুলিপি, বিতরণ বা কোনো মাধ্যমে প্রকাশ করা যাবে না।)